

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৩.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ জাকির হোসেন খান, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর ফুলতলা, খুলনা কর্তৃক পূর্ববর্তী কর্মস্থল ঝিকরগাছা, যশোর-এ কর্মকালীন ক্ষুদ্রঋণ কার্য-নির্দেশিকা অনুযায়ী একজন প্রশিক্ষিত যুবকে সর্বোচ্চ ৩ দফা পর্যন্ত ঋণ দেয়ার বিধান থাকলেও তা প্রতিপালন না করে উক্ত কার্যালয় হতে ২ জন ঋণীকে ৬ দফা পর্যন্ত ঋণ প্রদান করার অভিযোগে অধিদপ্তরের ২৭-৪-২০১৭ খ্রিঃ তারিখের ৮০ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১৮-৬-২০১৭ খ্রিঃ তারিখে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক অভিযুক্তের ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত গুনানীকালে তিনি লিখিত জবাবে প্রদত্ত বক্তব্যের পুনরাবৃত্তি করেন এবং বলেন, রাজস্ব ও উন্নয়ন খাত মিলিয়ে ঋণ বিতরণের নিয়মাচার সম্পর্কে স্বচ্ছ ধারণা না থাকায় তিনি দফা অতিক্রম করে অভিযোগপত্রে বর্ণিত ২ জন ঋণীকে ৬ বার করে ঋণ দিয়েছেন, ঋণীদ্বয় ইতোমধ্যে ঋণের সমূদয় টাকা পরিশোধ করেছেন। টাকা হস্তমজুদরে বিষয়ে তিনি বলেন যে, এতে তার কোন অসৎ উদ্দেশ্য ছিল না। ব্যাংক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী অল্প টাকা হওয়ায় কয়েকজন ঋণীর কিস্তি আদায়ের টাকা একসাথে ব্যাংকে জমা করেছেন। তিনি অসুস্থ। ভবিষ্যতে দফা অতিক্রম করে আর কোন ঋণ দেবেন না মর্মে অঙ্গীকার করেন এবং কৃত ভুলের জন্য ক্ষমা চান।

যেহেতু, অভিযুক্তের প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে নথিপত্র পর্যালোচনায় দেখা যায় দফা অতিক্রম করে প্রদত্ত ঋণের টাকা আদায় হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রত্যয়ন আছে। অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে এটিই প্রথম বিভাগীয় অভিযোগ। পূর্বে তার বিরুদ্ধে কোন বিভাগীয় অভিযোগ আসেনি/ছিল না। সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ জাকির হোসেন খান, ক্রেডিট সুপারভাইজার, ফুলতলা, খুলনা-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ জাকির হোসেন খান, ক্রেডিট সুপারভাইজার-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো। তবে ভবিষ্যতে দফা অতিক্রম করে যাতে ঋণ দেয়া না হয় সে জন্য তাকে সতর্ক করা হলো।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৩.২০১৬-১১৯

তারিখঃ ২-৭-২০১৭খ্রিঃ।

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :
- ০১। পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা/যশোর।
 - ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
 - ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
 - ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ফুলতলা, খুলনা/ঝিকরগাছা, যশোর।
 - ০৬। জনাব মোঃ জাকির হোসেন খান, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, ফুলতলা, খুলনা।
 - ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
 - ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।